অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/16/2021 **গভর্নর ক্যাথি হোকল**

ট্রান্সজেন্ডার সচেতনতা সপ্তাহের সম্মানে; গভর্নর হোকল LGBTQ+ সুরক্ষা বিলে স্বাক্ষর করেছেন

S.674/A.459 যৌন পাচার, শ্রম পাচার এবং পতিতাবৃত্তিতে বাধ্য হওয়ার শিকার হওয়ার কারণে সংঘটিত অপরাধের জন্য দোষী সাব্যস্ত হওয়া বাতিলকরণের সাথে সম্পর্কিত

S.5325/A.6193 এর ফলে ইউটিলিটি কোম্পানিগুলিকে গ্রাহকদের পছন্দের নাম এবং সর্বনাম ব্যবহারের সুযোগ দিতে হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে LGBT কমিউনিটি সেন্টারে বিধিমালা স্বাক্ষর করেছেন যা LGBTQ+ সম্প্রদায়কে এবং যারা যৌন পাচারের শিকার হয়েছেন তাদের রক্ষা করার জন্য সুরক্ষা সম্প্রসারিত করে। স্টার্ট অ্যাক্ট (START Act) যৌন পাচার, শ্রম পাচার এবং পতিতাবৃত্তিতে বাধ্য হওয়ার শিকার হওয়ার কারণে সংঘটিত অপরাধের জন্য দোষী সাব্যস্ত হওয়া বাতিলকরণের সাথে সম্পর্কিত। বিল S.5325/A.6193 এর ফলে ইউটিলিটি কোম্পানিগুলিকে গ্রাহকদের পছন্দের নাম এবং সর্বনাম ব্যবহারের সুযোগ দিতে হবে।

যখন আমরা দেশজুড়ে LGBTQ+ অধিকার এবং সুরক্ষার প্রতি আক্রমণ আসতে দেখছি, নিউ ইয়র্ক আরও একবার ঘোষণা করছে যে আমরা সবার জন্য গঠিত একটি স্টেট - যেখানে আমরা অপ্রয়োজনীয়ভাবে ভুক্তভোগীদের অপরাধী সাব্যস্ত করি না এবং যেখানে আমাদের ট্রান্সজেন্ডার, নন-বাইনারি, এবং লিঙ্গ অসঙ্গতিপূর্ণ সম্প্রদায় সমর্থন পায়," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন সবার জন্য সমতা এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং বিধানসভায় আমাদের অক্লান্ত সমর্থক এবং অংশীদারদের কল্যাণে নিউ ইয়র্ক এই পথে নেতৃত্ব দিতে পারে। একসাথে আমরা এমন একটি স্টেট নির্মাণ চালিয়ে যাব যা সবাইকে স্বাগত জানাবে।"

বিধিমালা S.674/A.459, START অ্যাক্ট, যৌন পাচার, শ্রম পাচার, পতিতাবৃত্তিতে বাধ্য হওয়া এবং পাচারের শিকার হওয়া ব্যক্তি যারা উক্ত পাচার বা বাধ্য হওয়ার কারণে বিভিন্ন অপরাধে দোষী সাব্যস্ত হয়েছে তাদের সুরক্ষা জোরদার করে। এই বিধিমালা 2010 সাকে নিউ ইয়র্কে পাস হওয়া একটি আইনের উপর ভিত্ত যা মানব পাচারের ভুক্তভোগীদের তাদের নির্যাতনের সাথে সরাসরি সম্পর্কিত পতিতাবৃত্তি সংক্রান্ত অপরাধে দোষী সাব্যস্ত হওয়া বাতিল করার সুযোগ দেয়।

সিনেটর জেসিকা রামোস বলেন, "জাতীয় ট্রান্সজেন্ডার সচেতনতা সপ্তাহের সময়ে, নিউ ইয়র্কের ট্রান্স এবং লিঙ্গ-অসঙ্গতিপূর্ণ মানুষদের যেসব কাঠামোগত চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয় সেগুলি সম্পর্কে সচেতনতা বাড়ানো কেবল লোক দেখানো পদক্ষেপ হতে পারে না আমাদের এমনভাবে আইন প্রণয়ন করতে হবে যা আমাদের সম্প্রদায়ের সদস্য হিসাবে তাদের অধিকারকে সম্মান এবং সুরক্ষা প্রদান করে। START অ্যাক্ট পাচারের ভুক্তভোগীদের তাদের প্রাপ্য নতুন আরম্ভের সুযোগ দেয় - তাদের চাকরি লাভের পথে বাধা অপসারণ করে, উপযুক্ত অভিবাসী আইনি সহায়তা লাভের সুযোগ ব্রিজ্ঞহি করে এবং আমাদের স্টেটজুড়ে থাকা হাজার হাজার ভুক্তভোগীর জন্য নির্যাতনের মানসিক শৃঙ্খল ভাঙতে সহায়তা করে।"

অ্যাসেম্বলিমেম্বার রিচার্ড গটফ্রিড বলেন, "পাচারের শিকার ব্যক্তিরা অপরাধী নন। পাচারকারীদের হাতে বন্দী ব্যক্তিদের এমন অপরাধের বোঝা বহন করা উচিৎ না যে অপরাধ করতে তাদের বাধ্য করা হয়েছিল। নিউ ইয়র্কের 2010 সালের আইন দেশে এইরূপ প্রথম আইন ছিল এবং দেশের জন্য মডেল হিসাবে কাজ করেছে। এখন, গভর্নর হোকলের কল্যাণে, পাচারের শিকার আরও বেশি ভুক্তভোগী কর্মক্ষম জীবন গড়ে তুলতে পারবেন এবং তাদের পূর্বের অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে দেশ থেকে বিতারিত হওয়া এড়াতে পারবেন।এই গুরুত্বপূর্ণ মানবাধিকার বিলটিকে আইনে স্বাক্ষর করতে সহায়তা করার জন্য সিনেট সিনেটর জেসিকা রামোস, অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি এবং আরও অনেক সমর্থকে ধন্যবাদ।

বিধিমালা S.5325/A.6193ইউটিলিটি কর্পোরেশন, মিউনিসিপালিটি, পানি-সংক্রান্ত কর্পোরেশন, এবং তেলিফন সেবা সরবরাহকারীদের গ্রাহকদের তাদের পছন্দের নাম এবং সর্বনাম ব্যবহারের সুযোগ প্রদানে বাধ্য করার মাধ্যমে ইউটিলিটির গ্রাহকদের তাদের পছন্দের নাম এবং সর্বনামে সম্বোধিত হওয়ার সুযোগ দান করে।

সিনেটর ব্র্যাড হলিম্যান বলেন, "গভর্নর হোকল কর্তৃক ট্রান্সজেন্ডার সচেতনতা সপ্তাহ কে স্বীকৃতি দেওয়ার অসাধারণ একটি উপায় হল বিধিমালা (S.5325/A.6193) স্বাক্ষর করা যার ফলে নিউ ইয়র্কের ইউটিলিটি এবং টেলিফোন কোম্পানিগুলি তাদের গ্রাহকদের পছন্দের নাম এবং সর্বনাম ব্যবহারে বাধ্য হবে। কাউকেই তাদের রূপান্তরের পূর্বে ব্যবহৃত নাম ('deadname') বা তাদের অসমর্থিত নাম বা লিঙ্গের কারণে অসম্মানের শিকার হওয়া উচিৎ নয়।এবং মানবাধিকার ক্যাম্পেইন (Human Rights Campaign) এই তথ্য সংকলন শুরু করার পর থেকে 2021 সাল ট্রান্সজেন্ডার এবং নন-বাইনারি মানুষদের জন্য সবচেয়ে ভয়াবহ সাল হওয়ার পর, আমাদের নতুন আইন নিউ ইয়র্ক জুড়ে 78,000+ হাজার ট্রান্সজেন্ডার এবং লিঙ্গ-অসঙ্গতিপূর্ণ মানুষকে সমর্থনের একটি গুরুত্বপূর্ণ বার্তা পাঠায়। এই বিধিমালায় তাদের সমর্থন এবং ট্রান্সজেন্ডার নিউ ইয়র্কবাসীদের অধিকার এবং মর্যাদার প্রতি তাদের সম্মানের জন্য জন্য আমি গভর্নর হোকল, নেতা স্টুয়ার্ট-কাজিন্স, অ্যাসেম্বলিমেম্বার গঞ্জালেস-রোহাস এবং উভয় কক্ষে আমার সহকর্মীদের সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার জেসিকা গঞ্জালেস-রোহাস বলেন, "এমন একটি সময়ে যখন আমরা ট্রান্স জনগোষ্ঠীর রেকর্ড সংখ্যক হত্যাকাণ্ড দেখতে পাচ্ছি, বিশেষ করে, ট্রান্স নারীদের ক্ষেত্রে, এবং দেশের অন্যান্য স্টেটে যখন LGBT-বিরোধী আইনের সূচনা এবং পাস করা হচ্ছে, তখন নিউ ইয়র্ককে অবশ্যই ঘৃণার বিরুদ্ধে নেতৃত্বমূলক অবস্থান নিতে হবে। আমি এই বিধিমালা

স্পন্সর করতে পেরে গর্বিত, যা নিশ্চিত করবে যে ট্রান্সজেন্ডার মানুষেরা ইউটিলিটি কর্পোরেশনগুলি কর্তৃক সম্মানজনক আচরণ পাবে, যখন এগুলি আমাদের স্টেটে ব্যবসা করবে। আমি এই বিলে সমর্থন করার জন্য স্পিকার হিস্টি, এবং অ্যালবানিতে বিলটিকে অগ্রসর করার জন্য সমর্থকদের এবং একে আইনে পরিণত করতে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। এই ট্রান্স সচেতনতা সপ্তাহে, আসুন আমরা সবাই সচেতনতা থেকে পদক্ষেপ নেওয়ার দিকে অগ্রসর হই। আমাদের ট্রান্স ভাইবোনের প্রতি বলছি, জেনে রাখবেন যে আমার মাঝে আপনারা একজন সমর্থক পাবেন, কারণ আপনারা গুরুত্বপূর্ণ। ট্রান্স জীবন গুরুত্বপূর্ণ।"

রিপ্রেজেন্টেটিভ জেরল্ড ন্যাডলার বলেন, "এই সাধারণ-বুদ্ধি বিবেচনা সম্পন্ন সুরক্ষাগুলিকে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। ইউটিলিটি কোম্পানিগুলিকে আমাদের ট্রান্সজেন্ডার এবং লিঙ্গ-অসঙ্গতিপূর্ণ সম্প্রদায়ের সদস্যদের উপযুক্ত সম্বোধনে বাধ্য করার মাধ্যমে এবং মানব পাচারের শিকার মানুষদের পাচার সংক্রান্ত দোষী সাব্যস্ত হওয়ার রেকর্ড মুছে দেওয়া সহজ করার মাধ্যমে ভুক্তভোগীদের জন্য অত্যাচারের মানসিক শৃঙ্খল ভাঙতে সহায়তা করার মাধ্যমে এই বিলটি আরও ন্যায্য এবং আরও সমতাপূর্ণ নিউ ইয়র্ক নির্মাণে গুরুত্বপূর্ণ অগ্রগতি করে।"

রিপ্রেজেন্টেটিভ রিচি টোরেস বলেন, "এই বিধিমালা প্যাকেজের বাস্তবায়ন LGBTQ সম্প্রদায়কে সুরক্ষা প্রদান এবং সম্মান এবং মর্যাদা প্রদানের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটকে জাতীর নেতা হিসাবে আরও পাকাপোক্ত করে। যখন আমাদের সম্প্রদায় ঘৃণা-অপরাধের বৃদ্ধি দেখতে পাচ্ছে, বিশেষ করে ট্রান্স-শনাক্ত মানুষদের সাথে, তখন সরকারের সকল স্তরের এমন আইন পাস করা উচিৎ যা সহিংসতা প্রতিরোধ করে এবং অরক্ষিত জনগোষ্ঠীকে রক্ষা করে। LGBTQ সুরক্ষাকে স্টেটের আইনে অন্তর্ভুক্ত করার জন্য এবং নিউ ইয়র্ক যাতে সকলের জন্য নিরাপদ আশ্রয় হয় তা নিশ্চিত করার জন্য পদক্ষেপ নেওয়ার কারণে আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার ডেবোরাহ জে. গ্লিক বলেন, "এই গুরুত্বপূর্ণ বিলগুলিকে আইনে স্বাক্ষর করার মাধ্যমে গভর্নর হোকল সম্মান, মর্যাদা এবং জীবনে দ্বিতীয়বার সুযোগ পাওয়ার প্রতি নিউ ইয়র্কের একাগ্রতা পুনর্ব্যক্ত করেন। ট্রান্সজেন্ডার এবং লিঙ্গ অসঙ্গতিপূর্ণ মানুষদের পক্ষে দাঁড়ানোর জন্য এবং মানব পাচারের শিকার সকল ভুক্তভোগীর জন্য ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য আমি তাকে এবং আমার সহকর্মীদের ধন্যবাদ জানাই।

অ্যাসেম্বলিমেম্বার ড্যানি ও'ডনেল বলেন, "প্রতি দিন, ট্রান্স মানুষেরা তাদের অস্তিত্বের স্বীকৃতির জন্য লড়াই করে - তাদের সরকার, তাদের পরিবার এবং তাদের সহকর্মীদের কাছ থেকে। আমি গর্বিত যে আমাদের স্টেট আবারো এগিয়ে এসেছে এবং স্পষ্ট করছে যেঃ ট্রান্স মানুষদের তাদের পরিচয়ের স্বীকৃতি পাবার অধিকার রয়েছে। লিঙ্গ স্বীকৃতি আইনের (Gender Recognition Act) থেকে শুরু করে 'ওয়াকিং হোয়াইল ট্রান্স' নিষেধাজ্ঞা বাতিল থেকে আজকের বিল পর্যন্ত, নিউ ইয়র্ক পথ প্রদর্শন করছে এবং নিশ্চিত করছে যে ট্রান্স, নন-বাইনারি, এবং লিঙ্গ অসঙ্গতিপূর্ণ মানুষেরা তাদের প্রাপ্য অধিকার এবং মর্যাদা পায়। LGBTQ অধিকারের প্রতি তার অবিচল সমর্থনের জন্য এবং আরও ঘৃণা এবং নিপীড়ন থেকে ট্রান্স মানুষদের রক্ষা করে এমন

আইনে স্বাক্ষর করার মাধ্যমে আমাদের স্টেটের মূল্যবোধকে অগ্রসর করার জন্য আমি গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ। এইসব উন্নতি, যা ট্রান্সজেন্ডার সচেতনতা সপ্তাহের সময়ে আসছে, সেগুলি মানবাধিকার বজায় রাখার প্রতি নিউ ইয়র্কের অঙ্গীকারকে পুনর্ব্যক্ত করে।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট গেইল এ. ব্রুয়ার বলেন, "আধিনুক LGBTQ অধিকার আন্দোলনের জন্মভূমির একজন বরো প্রেসিডেন্ট হিসাবে, আমি জানি যে গভর্নর হোকল কর্তৃক আজকের বিলের স্বাক্ষর আমাদের স্টেটকে আরও ন্যায্য এবং আরও সমতাপূর্ণ একটি স্থানে রূপান্তরের আরও কাছে নিয়ে যাবে যেখানে আমাদের সবাই সম্মানের সাথে বসবাস করতে পারবে। ইউটিলিটিগুলি গ্রাহকদের তাদের পছন্দের নাম এবং সর্বনামে সম্বোধন করতে বাধ্য হবে তা নিশ্চিত করার জন্য এবং শ্রম এবং যৌন পাচারের শিকার ব্যক্তিদের বিরুদ্ধে পরিচালিত আইনি মোকদ্দমার নথিপত্রের গোপনীয়তা রক্ষার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

কাউন্সিল মেম্বার-নির্বাচিত লিন শুলম্যান বলেন, "আমাদের ট্রান্স সম্প্রদায়ের জন্য এই সম্মান নিশ্চিতকরণের জন্য গভর্নর হোকলের পাশে দাড়িয়ে সাহায্য করতে পেরে আমি গর্বিত। পাবলিক সার্ভিস আইনের (Public Service Law) এই নতুন নীতিমালা ইউটিলিটি কোম্পানিগুলিকে নিউ ইয়র্কবাসীদের, বিশেষ করে আমাদের ট্রান্সজেন্ডার প্রতিবেশীদের তাদের প্রাপ্য সম্মান প্রদর্শনে বাধ্য করবে। এখন, গ্রাহকগণ প্রাত্যহিক সেবা গ্রহণের সময়ে তাদের পছন্দের নাম এবং সর্বনাম ব্যবহার করতে পারবেন। আমরা যখন সবাইকে সুরক্ষা প্রদান করি এবং সবার কথা বিবেচনা করি তখন নিউ ইয়র্ক আরও উন্নত জায়গায় পরিণত হয়। উপরন্তু, স্টার্ট অ্যাক্ট মানব পাচারের শিকার ভুক্তভোগীদের সুরক্ষা প্রদান করবে এবং এই বিলটিকে আইনে পরিণত করার তার নেতৃত্বের জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। এই আইন পাচারের শিকার ব্যক্তিদের শাস্তি মোচনের মাধ্যমে আমাদের জন নিরাপত্তা জোরদার করবে। এটি ভুক্তভোগীদের গোপনীয় তথ্যের সুরক্ষা প্রদান করার মাধ্যমে সেই তথ্যগুলি যাতে তাদের জীবন পুনর্নির্মাণে বাধা হয়ে না দাঁড়াতে পারে তা নিশ্চিত করবে।"

কাউন্সিল মেম্বার-নির্বাচিত চি অসে বলেন, "আমি এমন একটি বিধিমালাকে সমর্থন করতে পেরে গর্বিত যা লিঙ্গ সমতা এবং প্রবেশাধিকারের গুরুত্বের স্বীকৃতি দেয়; এবং একটি আইন যা যৌন পাচারের শিকার ভুক্তভোগীদের জীবন এবং সম্ভাবনাকে সুরক্ষা দেয়। আমি সব সময় এমন বিধিমালার পক্ষে থাকবো যা আমাদের সবচেয়ে প্রান্তিক সম্প্রদায়ের জন্য আরও ন্যায্য এবং সহমর্মিতাপূর্ণ সমাজ গড়ে তোলার পথে অগ্রসর করবে।"

কাউন্সিল মেম্বার-নির্বাচিত টিফানি কাবান বলেন, "অপরাধীকরণ প্রত্যাহার একটি LGBT বিষয় যা আমাদের নিপীড়ক সিস্টেম কর্তৃক নিষ্পেষিত সকল ভুক্তভোগীকে মানবাধিকার প্রদানের দিকে অগ্রসর করে। একজন অশ্বেতাঙ্গ, কুয়ের নব কাউন্সিলমেম্বার হিসাবে, ঐ লক্ষ্যের দিকে এগিয়ে যাওয়ার পথে আজ সমর্থকদের সাথে দাঁড়ানো আমার জন্য গর্বের বিষয়। শ্রম বা যৌন পাচারের শিকার বা ট্রান্স মানুষ যারা আমাদের প্রতিষ্ঠানগুলি দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের জন্য আমাদের অবশ্যই এমন বিধিমালা বাস্তবায়ন করতে হবে যা মানুষের অস্তিত্বের প্রতি সম্মান বয়ে আনে। ট্রান্সজেন্ডার সচেতনতা সপ্তাহের সময়ে আরও বেশি গুরুত্বপূর্ণ যে আমরা ট্রান্স, লিঙ্গ-অসঙ্গতিপূর্ণ এবং নন-বাইনারি মানুষের সাথে একাত্মতা

প্রকাশ করি যারা রেকর্ড সংখ্যক সহিংসতার শিকার হচ্ছে। তাই আমি আজ এই বিলগুলি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং আমি তার সাথে, কাউন্সিল, স্টেটের বিধানসভায় আমার সহকর্মীদের সাথে, এবং সমরথকদের সাথে আরও কাজ করার জন্য মুখিয়ে আছি।"

পরিবারের জন্য আশ্রয়স্থল (Sanctuary for Families) এর নির্বাহী পরিচালক মহামান্য জুডি হ্যারিস ক্লুগার বলেন, "আজকে আমরা আমাদের কোয়ালিশনের অংশীদার এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে ভুক্তভোগীদের সাথে গভর্নর হোকলের START অ্যাক্ট স্বাক্ষর উদযাপনে যোগ দিচ্ছি। অনেক দীর্ঘ সময় ধরে, মানব পাচারের শিকার ভুক্তভোগীরা তাদের অত্যাচারের ফলাফল হিসাবে সংঘটিত অপরাধী রেকর্ডের কারণে তাদের জীবন পুনর্নির্মাণে সংগ্রাম করেছে। এই সব সাব্যস্ত অপরাধ বাতিল করা ভুক্তভোগীদের দীর্ঘকালীন নিরাপত্তা এবং তাদের জীবন পুনর্নির্মাণের ক্ষমতা নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ ধাপ। পরিবারের জন্য আশ্রয়স্থল গভর্নর হোকলকে এবং আইনটির সমর্থক, সিনেটর রামোস এবং অ্যাসেম্বলিমেম্বার গটফ্রিডকে তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ জানায়। ভুক্তভোগীদের তাদের ব্যক্তিস্বাধীনতা এবং অত্যাচার থেকে মুক্তির পথে সহায়তা করার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেট বিধানসভার কাছে গভীরভাবে কৃতজ্ঞ।"

জাতীয় ট্রান্স বার অ্যাসোসিয়েশন (National Trans Bar Association)-এর সহ-সভাপতি ক্রিস্টেন ব্রাউড বলেন, "আজকে যখন তিনি এই আইনে স্বাক্ষর করেন, তখন গভর্নর হোকল নিউ ইয়র্ককে তার সকল নাগরিককে সুরক্ষা এবং সম্মান প্রদান করার বিষয়ে নেতৃত্ব দেন, যা নিশ্চিত করে যে আমাদের স্টেট জীবনের প্রতিটি প্রান্তে সমতাকে উৎসাহিত করার জন্য সম্ভাব্য সব পদক্ষেপ গ্রহণ করবে, কখনো ভুক্তভোগীদের দোষারোপ করবে না যাদেরকে তাদের বিনা অপরাধে সবচেয়ে মারাত্মক পরিস্থিতির মুখে ঠেলে দেওয়া হয়েছে। একজন ট্রান্সজেন্ডার নিউ ইয়র্কবাসী হিসাবে, আমি গভর্নর হোকলের শক্তিশালী সমর্থনের জন্য গর্বিত এবং কৃতজ্ঞ, এবং সেই কাজ চালিয়ে যাওয়ার জন্য তার সাথে কাজ করার জন্য মুখিয়ে আছি।"

নিউ ইয়র্ক সিভিল লিবার্টি ইউনিয়নের (New York Civil Liberties Union) এক্সিকিউটিভ ডিরেক্টর ডনা লিবারম্যান বলেন, "যৌন এবং শ্রম পাচারের শিকার ভুক্তভোগীদের অবশ্যই সমর্থন করতে হবে, তাদের অপরাধী বানানো যাবে না। অথচ, গত দশক ধরে, আমাদের স্টেট কিছু ভুক্তভোগীকে আমাদের অপরাধ আইনি ব্যবস্থার চক্করে ফেলে রেখেছে এমন অপরাধের জন্য যা তাদের পাচারকারী তাদের করতে বাধ্য করে। এটি সম্মান নয় এবং ন্যায় বিচারও নয়। START অ্যাক্ট আইনে পরিণত হওয়ার মাধ্যমে, আমাদের স্টেট এখন ভুক্তভোগীদের চাকরি, আবাসন এবং শিক্ষার পথে সাড়া জীবন ধরে থাকা বাধা অপসারণের সুযোগ দেবে, এবং অনাগরিক ভুক্তভোগীদের সুরক্ষা প্রদান করবে, যাদের জন্য অপরাধ সাব্যস্ত হওয়া মারাত্মক অভিবাসন সংকটের সৃষ্টি করতে পারে, যার মাঝে দেশ পরিত্যাগে বাধ্য করা এবং পরিবার থেকে পৃথক হওয়া অন্তর্ভুক্ত। এখন, নিউ ইয়র্ক কলঙ্কের চেয়ে স্থিতিশীলতাকে প্রাধান্য দিতে পারবে।

আরবান জাস্টিস সেন্টারের (Urban Justice Center) গভর্নমেন্ট অ্যাফেয়ার্স ফর সেক্স ওয়ার্কার্স প্রোজেক্ট (Government Affairs for Sex Workers Project) এর অ্যাসোসিয়েট

ডিরেক্টর অ্যান্ডি বোয়েন বলেন, "START অ্যাক্টে গভর্নর হোকলের স্বাক্ষরের মাধ্যমে, আমাদের বর্তমান এবং অতীতের অনেক গ্রাহকদের ভবিষ্যতের জন্য উচ্চাশা প্রদান করার জন্য আরবান জাস্টিস সেন্টারের সেক্স ওয়ার্কার্স প্রোজেক্ট গভর্নরের কাছে এবং পাশাপাশি স্পন্সর সিনেটর জেসিকা রামোস এবং অ্যাসেম্বলি মেম্বার রিচার্ড গটফ্রিডের প্রতি তাদের গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছে। আমরা ভুক্তভোগীদের এবং অবিচল সমর্থকদের সম্মান করি যারা বহু বছর ধরে সুরক্ষা সম্প্রসারণের জন্য লড়াই করেছেন যার ফলে START অ্যাক্ট বাস্তবায়ন হয়েছে। এখন আমরা নিউ ইয়র্কজুড়ে মানব পাচারের শিকার ব্যক্তিদের আরও অনেক ক্রিমিনাল রেকর্ড বাতিল করার জন্য কাজ শুরু করবো যাদেরকে অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত হতে বাধ্য করা হয়েছে যেগুলি কেবল যৌন কর্ম সম্পর্কিত অপরাধ নয়, যা কিনা START অ্যাক্ট পাস হওয়ার আগে বাতিল যোগ্য একমাত্র অপরাধ ছিল। START অ্যাক্ট বাস্তবায়নের মাধ্যমে, আমরা অনেক ধরণের আরোগ্যলাভ দেখতে পাবো।"

দ্য লিগাল এইড সোসাইটির (The Legal Aid Society) ক্রিমিনাল ডিফেন্স প্র্যাকটিসের অ্যাটর্নি-ইন-চার্জ টিনা লুওঙ্গো বলেন, "দ্য লিগাল এইড সোসাইটির শোষণ হস্তক্ষেপ প্রকল্প (Exploitation Intervention Project) আইনটির বাস্তবায়নের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে, যেহেতু আমাদের অগণিত গ্রাহক রয়েছে যারা দশকের পর দশক ধরে এই গুরুত্বপূর্ণ স্বস্তির অপেক্ষায় রয়েছেন।এই বিলের উদযাপনে আমরা তাদের পাশে আছি এবং এর গুরুত্ব সম্পর্কে কথা বলায় তাদের আকাগ্রতা এবং সাহসের জন্য তাদেরকে ধন্যবাদ জানাই। আমাদের গ্রাহকদের পক্ষ থেকে আজ START অ্যাক্টকে আইনে পরিণত করতে স্বাক্ষর করায় আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।

ব্রুকলিন ডিফেন্ডার সার্ভিসেসের (Brooklyn Defender Services) এর নারী নিরাপত্তা প্রকল্পের (Women's Defense Project) সিনিয়র ট্রায়াল অ্যাটর্নি জিলিয়ান মডজেলেস্কি বলেন, "আজ START অ্যাক্টকে আইনে পরিণত করতে স্বাক্ষর করায় ব্রুকলিন ডিফেন্ডার সার্ভিসেস গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ। এই বিধিমালার মাধ্যমে, নিউ ইয়র্ক মানব পাচারের শিকার ভুক্তভোগীদের অপরাধী সাব্যস্ত করার ক্ষতিপূরণের পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। পাবলিক ডিফেন্ডার হিসাবে, একটি দোষী সাব্যস্ত হওয়ার রেকর্ডের আর্থিক, শিক্ষা, আবাসন এবং অভিবাসন প্রভাবের মারাত্মক ক্ষতি সম্পর্কে আমরা গভীরভাবে অবগত, এবং এই ক্যাম্পেইনে ভুক্তভোগীদের পাশে দাঁড়াতে পেরে আমরা গর্বিত। পাচারের শিকার ভুক্তভোগীদের নেতৃত্ব ছাড়া এই গুরুত্বপূর্ণ আইনের বাস্তবায়ন সম্ভব হত না যারা দশকের পর দশক ধরে তাদের অপরাধের রেকর্ড মুছে ফেলার জন্য এবং অন্যদের একই সুযোগ দেওয়ার জন্য পথ তৈরিতে লড়াই করেছেন। আমরা সিনেটর জেসিকা রামোস এবং অ্যাসেম্বলি মেম্বার রিচার্ড গটফ্রিডকে সারভাইভারস অফ ট্রাফিকিং অ্যাটেইনিং রিলিফ টুগেদার অ্যাক্ট (Survivors of Trafficking Attaining Relief Together Act, START) এর অবিচল সমর্থক হওয়ার জন্য ধন্যবাদ জানাই।"

নিউ প্রাইড এজেন্ডার (NEW Pride Agenda) নির্বাহী পরিচালক, এলিসা ক্রেসপো বলেন, "আজকে নিউ ইয়র্ক ইউটিলিটি কর্পোরেশন, মিউনিসিপালিটি, পানি-সংক্রান্ত সংস্থা এবং টেলিফোন কোম্পানিগুলির কাছে একটি শক্তিশালী বার্তা প্রেরণ করেছে, যে তাদের অবশ্যই গ্রাহকদের উপযুক্ত রূপে সম্বোধন করতে হবে, এটাই শেষ কথা। ইউটিলিটি আইনের

অধীনে লিঙ্গ-পরিচয় নিশ্চিতকরণ আইন (Affirming Gender-Identities) নিশ্চিত করবে যে গ্রাহকদের তাদের পছন্দের নাম এবং সর্বনামে সম্বোধন করা হবে এবং তাদের সম্মান প্রদর্শন করা হবে। একটি ছোট কিন্তু শক্তিশালী পদক্ষেপ যা TGNC জনগোষ্ঠীর জীবনে সুদূরপ্রসারী প্রভাব ফেলবে।"

ট্রান্স ইকুইটি কন্সাল্টিং (Trans Equity Consulting) এর প্রতিষ্ঠাতা এবং "পোজ" এর অতিথি অভিনেতা সিসিলিয়া জেন্টিলি বলেন, "START অ্যাক্টের স্বাক্ষর অনেক মানুষের জীবনে পরিবর্তন নিয়ে আসবে যারা পাচারের পরিস্থিতির অধীনে গ্রেফতারের শিকার হয়ে দোষী সাব্যস্ত হয়েছে।এই আইনটি তাদের জীবনকে সামনে অগ্রসর করতে এবং তাদের নিজেদের জন্য স্বপ্নের ভবিষ্যৎ নির্মাণ করতে সুযোগ প্রদান করবে। পাচারের ভুক্তভোগী হিসাবে, আমি গভর্নর হোকলের সমর্থনকে সাধুবাদ জানাই।"

ট্রান্সল্যাটিনেক্স নেটওয়ার্কের (Translatinx Network) প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ক্রিস্টিনা হেরেরা বলেন, "বরাবরের মতই, নিউ ইয়র্ক ট্রান্সজেন্ডার সম্প্রদায়ের মানুষের জন্য নিরাপত্তা এবং আশার আলো হিসাবে কাজ করছে।সকল নিউ ইয়র্কবাসীর অধিকার রক্ষায় তার অব্যাহত অঙ্গীকারের জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

প্রিন্সেস জ্যানি প্লেসের (Princess Janae Place) এক্সিকিউটিভ ডিরেক্টর জেভন মার্টিন বলেন, "মানব পাচারের শিকার ভুক্তভোগীদের দেখার জন্য এবং তাদের জীবনে নিয়ন্ত্রণ ফিরিয়ে আনতে তাদের সহায়তা করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। একজন ব্যক্তির সঠিক সর্বনাম ব্যবহার তাদের পরিচয় নিশ্চিতকরণের জন্য অত্যাবশ্যক। একজন মানুষের পরিচয়কে সম্মান করার অর্থ হল তাদের দেখানো যে আপনি তাদেরকে তাদের রূপে দেখতে পাচ্ছেন।"

ক্যালেন-লর্ড কমিউনিটি হেলথ সেন্টারের (Callen-Lorde Community Health Center) নির্বাহী পরিচালক ওয়েন্ডি স্টার্ক বলেন, "সর্বাঙ্গীণ স্বাস্থ্য এবং মঙ্গল উপযুক্ত এবং মাণ সম্পন্ন স্বাস্থ্য সেবা প্রাপ্যতার উপর যতটুক নির্ভর করে, ঠিক ততটুকুই নির্ভর করে এমন একটি সরকার এবং সমাজের উপর যারা মানুষকে সমর্থন করে এবং সুরক্ষা প্রদান করে। ক্যালেন-লর্ড গভর্নর হোকলকে এই অত্যাবশ্যক বিল স্বাক্ষরের জন্য সাধুবাদ জানায় - START অ্যাক্ট যা মানব পাচারের শিকার ভুক্তভোগীদের জন্য অপরাধের রেকর্ড মুছে ফেলার সুযোগ উন্নত এবং সম্প্রসারণ করে এবং পাশাপাশি বিধিমালা নির্ধারণ করে যার ফলে ইউটিলিটি কোম্পানিগুলিকে একজন গ্রাহকের স্ব-শনাক্তকৃত নাম এবং সর্বনাম অনুযায়ী তাকে সম্বোধন করতে বাধ্য হওয়াকে আইনে পরিণত করে।প্রত্যেকটি তার নিজের উপায়ে আমাদের সম্প্রদায়ের জীবনের সকল ক্ষেত্রে দৃশ্যমানতা এবং নিশ্চিতকরণ অগ্রসর করে।"

মেলিসা ব্রুডো, সোর ইন্সটিটিউটের (SOAR Institute) একজন অ্যাটর্নি যিনি স্টেটের (এবং দেশের) প্রথম অপরাধ সাব্যস্ত হওয়া বাতিল মামলা দাখিল করেন এবং জয় লাভ করেন, বলেন, "START অ্যাক্টকে আইনে পরিণত করার জন্য আমরা গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ, যা মানব পাচারের শিখার ব্যক্তিদের তাদের রেকর্ড থেকে অপরাধ মুছে ফেলার সুযোগ দেবে যেগুলি তাদের শোষণের ফলশ্রুতিতে সংঘটিত হয়েছিল। বর্তমান আইনের অধীনে ভুক্তভোগীদের প্রতিনিধিত্ব করা একজন মানুষ হিসাবে, আমার কাছে এটি স্পষ্ট যে আমাদের

আরও পূর্ণাঙ্গ সমাধান দরকার যা ভুক্তভোগীদের তাদের জীবনে সম্পূর্ণভাবে অগ্রসর হওয়ার সুযোগ প্রদান করবে। এটি নিউ ইয়র্ককে মানব পাচারের শিকার ভুক্তভোগীদের সমর্থনে নেতৃত্ব প্রদানকারী স্টেট হিসাবে প্রতিষ্ঠিত করবে।"

সেফ হরাইজনের (Safe Horizon) পাচার-বিরোধী প্রকল্প বলে, "START অ্যাক্টকে আইনে পরিণত করতে স্বাক্ষর করায় আমরা গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। এই বিলটি আরও ন্যায্য একটি আইনি ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে ভুক্তভোগী এবং সমর্থকদের বহু বছরের প্রচেষ্টার বিনিয়োগের একটি মূর্ত প্রতীক। এমনকি পাচারের হাত থেকে নিস্তার পাওয়ার পরেও,আমাদের গ্রাহকগণ তাদের রয়ে যাওয়া অপরাধের রেকর্ডের কারণে তাড়িত হয়েছেন এবং অভিবাসী ত্রাণ, চাকরি,আবাসন বা অন্যান্য সুযোগ সুবিধার দিকে কোন অর্থবহভাবে ধাবিত হতে পারেননি। মানব পাচারের শিকার ভুক্তভোগীদের তাদের যেসব অপরাধ করতে বাধ্য করা হয়েছিল সেগুলির কারণে সৃষ্ট অপরাধী রেকর্ড মুছে ফেলার ক্ষমতা তাদের মর্যাদা, সম্মান এবং নতুন আশা এবং সহনশীলতার সাথে জীবনে এগিয়ে যাওয়ার জন্য একটি জীবন পরিবর্তনকারী সুযোগ প্রদান করে। এই গুরুত্বপূর্ণ আইনের প্রতি তাদের বিচক্ষণ নেতৃত্ব এবং অটল সমর্থনের জন্য আমরা অ্যাসেম্বলিমেম্বার রিচার্ড গটফ্রিড এবং সিনেটর জেসিকা রামোসকে ধন্যবাদ জানাই।"

মানব পাচারের শিকার একজন ভুক্তভোগী এবং START অ্যাক্টের সমর্থক, রিকার্ডো সি. বলেন, "START অ্যাক্ট স্বাক্ষরের মাধ্যমে আমাকে একটি সত্যিকারের "নতুন আরম্ভের" সুযোগ প্রদানের আজকের এই বিজয়ের সাথে জড়িত সকলকে আমি ধন্যবাদ জানাতে চাই। বর্তমান এবং অতীতের সকল মানব পাচারের শিকার ভুক্তভোগী এবং আমার প্রতি আপনাদের আকাগ্রতার জন্য আমি আপনাদের ধন্যবাদ জানাই। START অ্যাক্ট আমাকে এমন কিছু সুযোগ দিচ্ছে যা মূল আইন দেয়নি, আমার পাচারের সাথে সম্পর্কিত অপরাধের রেকর্ড মুছে ফেলার সুযোগ। START অ্যাক্টের স্বাক্ষর, আমাকে আমার সর্বশেষ দোষী সাব্যস্ত হওয়া মুছে ফেলার সুযোগ দেয় এবং আমাকে আমার অপহরণকারীদের হাত থেকে মুক্ত করে এবং আমাকে একটি অপরাধের রেকর্ডের শিকল থেকে মুক্ত করে আমার জীবনে একটি নতুন আরম্ভের সুযোগ দেয়। আমি আপনাদের সত্যিকার সুপার-হিরো হওয়ার জন্য ধন্যবাদ জানাই যারা আমাদের স্বাধীনতার জন্য লড়াই করেছে এবং যারা আমাদের এক সময় বন্দী করেছিল তাদের হাতে আমাদের মানসিক এবং শারীরিক নির্যাতনের যন্ত্রণা এবং তার অনুস্মারক থেকে প্রকৃত মুক্তির সুযোগ এনে দিয়েছে। আমার কাছেএই দিনের অর্থ হল একটি নতুন সূচনা এবং একটি উজ্জ্বলতর ভবিষ্যৎ, আমার উপরে এক সময় যেসব বাধা এবং সীমাবদ্ধতা চাপিয়ে দেওয়া হয়েছিল সেগুলি ছাড়াই এক অকল্পনীয় ভবিষ্যৎ। আমি দুশ্চিন্তা, আমার উপর যে নির্যাতন করা হয়েছিল তার সার্বক্ষণিক স্মারক থেকে এবং আমার সাথে কেমন আচরণ করা হয়েছিল এবং কী সহ্য করতে বাধ্য করা হয়েছিল তা থেকে মুক্ত। আমি উচ্চ শিক্ষার আবেদন করার সময়, নতুন ক্যারিয়ার, নতুন সুযোগ বা থাকার জায়গার আবেদন করার সময় আমার মনের উপর দিয়ে যে দুশ্চিন্তার পীড়া থাকে, আজকের দিনের পর আমাকে তা আর অনুভব করতে হবে না। আমি আপনাদের সবাইকে আপনাদের অটল প্রতিজ্ঞার জন্য এবং START অ্যাক্টে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, যা সত্যিকার অর্থেই আমাকে মুক্ত করেছে এবং আমাকে জীবনে সাফল্য অর্জনের সুযোগ প্রদান করবে।"

মানব পাচারের শিকার রোজালিন্ডা বলেন, "আমি একজন ট্রান্সজেন্ডার অভিবাসী নারী এবং পাচারের শিকার। আজকে আমি মার্কিন যুক্তরাষ্ট্রের একজন গর্বিত নাগরিক, এবং স্বাস্থ্যসেবা খাতে একজন আইটি পেশাদার হিসাবে একটি পূর্ণাঙ্গ জীবনযাপন করছি। আমি যেদিন নাগরিকত্বের শপথ নিয়েছিলাম তা আমার জীবনের সবচেয়ে আশাবাদী দিনগুলির একটি ছিল। যদিও, সবকিছু সব সময় সহজ ছিল না। আমি মানব পাচারের শিকার ভুক্তভোগী।আমি যখন ছোট ছিলাম, তখন থেকে শুরু করে, একজন সহিংস পুরুষ আমাকে যৌন পাচার করে, এবং এর ফলশ্রুতিতে, আমি আমার বিরুদ্ধে তার সংঘটিত অপরাধের কারণে অপরাধী সাব্যস্ত হই। নিউ ইয়র্কের মুছে ফেলার আইন পতিতাবৃত্তি অপরাধ মুছে ফেলার সুযোগ দেওয়ার কারণে, আমি আইন রক্ষাকারী সংস্থাকে আমার গল্প বলার সুযোগ পাই এবং আমার রেকর্ড মুছে ফেলা হয় - কিন্তু এখনো একটি রেকর্ড রয়ে গিয়েছে। আমার আইনজীবীরা আমাকে বলেন যে যদিও নিউ ইয়র্ক স্টেটের আইনের অধীনে আমি পাচারের শিকার হওয়ার কারণে আমার অন্যান্য অপরাধের রেকর্ড মুছে ফেলার সুযোগ পাবো, কিন্তু আমি একবার গ্রেফতার হওয়ার পর যত দ্রুত সম্ভব মুক্তি লাভের জন্য একটি ভিন্ন আর্জি গ্রহণ করার কারণে, আমি ঐ অপরাধের রেকর্ডটি মুছে ফেলার সুযোগ পাবো না। তার মানে হল আমার নাগরিকত্বের সাক্ষাৎকারের সময়ে, আমাকে অফিসারকে ব্যাখ্যা করতে হয় যে আমার এই অপরাধের রেকর্ড কেন রয়েছে, যার ফলে আমাকে সেই লজ্জা এবং অত্যাচারের স্মৃতির অভিজ্ঞতার ভেতর দিয়ে আবার যেতে হয়। এমনকি আজকে, মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হিসাবে, আমার এখনো মনে হয় যে ঐ রেকর্ডটি এখনো আমাদের জীবনে একটা দাগের মত, অতীতে আমি যেই সহিংসতা এবং অত্যাচারের শিকার হয়েছি তার রয়ে যাওয়া একটি অংশ। START অ্যাক্টের অধীনে ঐ রেকর্ডটি মুছে ফেলার সুযোগের অর্থ হবে আমার জীবনে সম্মান পুনঃপ্রতিষ্ঠার সুযোগ এবং আমার আরোগ্য লাভের পথের পরবর্তী ধাপ শুরু করা।

মানব পাচারের শিকার পামেলা বলেন, "যখন আমি শুনতে পাই যে আজকে START অ্যাক্ট আইনে রূপান্তরিত হবে, আমার গা কাঁপ্তে শুরু করে এবং আমি প্রায় মাটিতে পড়ে যাই। আমি বিশ্বাস করতে পারছিলাম না যে 20 বছরের কষ্টের পর আমার জীবন পরিবর্তিত হতে পারে। বিশ বছর আগে আমাকে একটি মাদক অপরাধে দোষী সাব্যস্ত করা হয় যা করতে আমার পাচারকারী আমাকে বাধ্য করেছিল। আমি ভেবেছিলাম এটি একটি এককালীন চার্জ হবে যার জন্য আমি কমিউনিটি সার্ভিস এবং 3 বছরের নিষেধাজ্ঞা সম্পন্ন করি, এবং কোনও দিন কোন অ্যাপয়েন্টমেন্টে অনুপস্থিত থাকিনি।কিন্তু আমার মনে হয় যে আমি 20 বছর ধরে সাজা খাটছি কারণ যখন আমার টি ভিসা আবেদন নাকচ করা হয় এই অপরাধের রেকর্ড থাকার কারণে, তখন আমার মনে হয় যে আমাকে আবারো শাস্তি দেওয়া হচ্ছে। আমাকে আইনিভাবে কাজ করতে বাধা দেওয়া হয়েছে, স্কুলে ভর্তি হতে বাধা দেওয়া হয়েছে, কর প্রদানে বাধা দেওয়া হয়েছে এবং যখন আমার মা বেড়াতে আসতে চায় তখন তাকে আমার সাথে থাকতে দিতে বাধা দেওয়া হয়েছে। আমি আরেকজনের করা অপরাধের কারণে কষ্ট পেয়েছি। এটি আমার উপর এত বড় একটি বোঝা ছিল যা বহন অসম্ভব বলে মনে হয়েছে এবং যার কারণে আমি দুঃখী, বিষণ্ণ অনুভব করেছি এবং আমার মনে হয়েছে যে আমি সামনে অগ্রসর হতে পারবো না। এখন আমি আশাবাদী যে আমি লেখাপড়া এবং কাজ করার সুযোগ পাবো এবং আমার LGBTQ সম্প্রদায়ে অবদান রাখতে পারবো। আমি আমার স্বামীর সাথে একটি স্বাভাবিক জীবনযাপনের সুযোগ পাওয়া এবং ভ্রমণ করা এবং একটি LGBTQ শিশু দত্তক নেওয়ার মত সাধারণ কাজগুলি করার

সুযোগ পাওয়ার আশা রাখি। আইনের এই পরিবর্তন আমাকে অবশেষে সামনে এগিয়ে জেতেই কেবল সাহায্য করবে না বরং, আমার মত আরও অনেক মানুষকে সাহায্য করবে যারা এমন সব কাজে জড়িত হতে বাধ্য হয়েছিল যা তারা করতে চায়নি।"

বাফেলোর ভুক্তভোগী সহায়তা প্রকল্পের আন্তর্জাতিক ইন্সটিটিউট (International Institute of Buffalo's Survivor Support) "নিউ ইয়র্ক স্টেটে যৌন এবং শ্রম পাচারের শিকার ভুক্তভোগীদের জন্য জীবন-পরিবর্তনকারী প্রভাব ফেলবে এমন একটি বিধিমালা স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ। অনেক ভুক্তভোগীকেই পাচারকারীরা তাদের শোষণকালে এক দেশ থেকে অন্য দেশে পাচার করেছে এবং সেই পথে তাদের বিভিন্ন ধরণের অপরাধ করতে বাধ্য করেছে। একজন ভুক্তভোগী যেই ধরণের শোষণের শিকারই হোক না কেন, বা যেখানেই তাদের শোষণ করা হোক না কেন, এই আইন সবার জন্য বিচার পাওয়ার ক্ষেত্রে সম সুযোগ প্রদান করবে, যার ফলে বিচারের সুযোগের ক্ষেত্রে আরও সমতা আসবে।"

এম্পাওয়ারমেন্ট কোল্যাবোরেটিভ অফ লং আইল্যান্ড (ECLI/VIBES) "START অ্যাক্টকে আইনে পরিণত করতে স্বাক্ষর করায় গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ। এই সমর্থন মানব পাচারের ইতিহাস সত্ত্বেও বেঁচে থাকতে এবং উন্নতি করার ক্ষেত্রে ভুক্তভোগীদের অধিকার রক্ষায় কেবল অত্যাবশ্যকীয় নয়, বরং, এটি প্রমাণ করার জন্য গুরুত্বপূর্ণ যে নিউ ইয়র্ক আবারো মানব পাচারের শিকার ভুক্তভোগীদের পাশে দাঁড়াচ্ছে। যেসব ভুক্তভোগী এই আইনের সমর্থনে সাহসের সাথে কথা বলেছেন তাদের সবাইকে ধন্যবাদ।"

দ্য লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল ও ট্রান্সজেন্ডার কমিউনিটি সেন্টারের (The Lesbian, Gay, Bisexual & Transgender Community Center) এগজিকিউটিভ ডিরেক্টর গ্লেন্ডা টেস্টোন বলেন, "সেন্টার নিউ ইয়র্কজুড়ে LGBTQ সম্প্রদায়কে এবং তাদের প্রয়োজনসমূহকে সমর্থন করে এমন সব বিধিমালা এবং পলিসির সমর্থনে প্রতিজ্ঞাবদ্ধ। আজকে গভর্নর হোকল ট্রান্স এবং লিঙ্গ-অসঙ্গতিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের পরিচয়কে তাদের দৈনন্দিন জীবনের আরও বেশি ক্ষেত্রে সম্মান করা হবে তা নিশ্চিত করতে সহায়তা করছেন। উপরন্তু, START অ্যাক্টকে স্বাক্ষর করে আইনে রূপান্তর করার মাধ্যমে গভর্নর হোকল সকল মানব পাচারের শিকার ব্যক্তিদের বার্তা দিচ্ছেন যে তারা তাদের অতীতের পরিস্থিতির চেয়েও বেশি কিছু, যা আবাসন, চাকরি এবং আরও অনেক গুরুত্বপূর্ণ সুযোগ পাওয়ার পথে থাকা কলঙ্ক এবং বাধা দূর করার পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন